



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২



www.ispr.gov.bd
সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ০৯-০৪-২০২৩

শুভেচ্ছা সফরে চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে জাপান মেরিটাইম সেলফ ডিফেন্স ফোর্সের দুটি যুদ্ধজাহাজ 'উরাগা ও আওয়াজি'

ঢাকা, ০৯ এপ্রিল ২০২৩ঃ জাপান মেরিটাইম সেলফ ডিফেন্স ফোর্স (JMSDF) এর দুটি যুদ্ধজাহাজ উরাগা (JS URAGA) ও আওয়াজি (JS AWAJI) তিনদিনের শুভেচ্ছা সফরে আজ রবিবার (০৯-০৪-২০২৩) চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছায়। জাহাজ দুটি চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছালে নৌবাহিনীর সুসজ্জিত বাদক দল ঐতিহ্যবাহী রীতি অনুযায়ী বাদ্য যন্ত্র পরিবেশনের মাধ্যমে জাহাজ দুটিকে স্বাগত জানায়। পরে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের চীফ স্টাফ অফিসার ক্যাপ্টেন ফয়েজ জাহাজ দুটির অধিনায়কগণকে স্বাগত জানান। এসময় বাংলাদেশে নিযুক্ত জাপান দূতাবাসের প্রতিনিধিসহ নৌবাহিনীর স্থানীয় উচ্চপদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশে অবস্থানকালে সফরকারী জাহাজ দুটির অধিনায়ক ও বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূতসহ একটি প্রতিনিধিদল কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল এবং কমান্ডার বিএন ফ্লিট এর সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন। এছাড়া জাহাজ দুটির কর্মকর্তা ও নাবিকগণ চট্টগ্রামে অবস্থিত বাংলাদেশ নেভাল একাডেমি, স্কুল অব মেরিটাইম ওয়ারফেয়ার এন্ড ট্যাকটিক্স (এসএমডব্লিউটি) এবং নৌবাহিনী মেরিটাইম মিউজিয়ামসহ চট্টগ্রামস্থ বিভিন্ন দর্শনীয়/ঐতিহাসিক স্থাপনাসমূহ পরিদর্শন করবেন। পাশাপাশি বাংলাদেশ নৌবাহিনীর কর্মকর্তা ও নাবিকগণ উক্ত জাহাজ দুটি পরিদর্শন করবেন। ১৪১ মিটার এবং ৬৭ মিটার দৈর্ঘ্যের জাহাজ দুটির অধিনায়ক কমান্ডার মাতসুনাগা আকিহিতু (Commander Matsunaga Akihito) এবং কমান্ডার তাগুচ্ছি তাকুমা (Commander Taguchi Takuma) এর নেতৃত্বে কর্মকর্তাসহ মোট ১৮৮ জন সদস্য এ শুভেচ্ছা সফরে অংশগ্রহণ করছেন।

এর আগে বাংলাদেশের জলসীমায় এসে পৌঁছালে বাংলাদেশ নৌবাহিনী জাহাজ 'প্রত্যাশা' সফরকারী জাহাজ দুটিকে স্বাগত জানায়। জাহাজ দুটির এ শুভেচ্ছা সফর বাংলাদেশ ও জাপানের মধ্যকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও সুদৃঢ় করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। উল্লেখ্য, তিনদিনের শুভেচ্ছা সফর শেষে জাহাজ দুটি আগামী ১১ এপ্রিল ২০২৩ বাংলাদেশ ত্যাগ করবে।

স্বাক্ষরিত/-

সাইদা তাপসী রাবেয়া লোপা

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৪